



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (২য় খন্ড)/২০১১/৩৩৯

তারিখঃ ১৬/০৬/২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

৫৭৭ তম কমিশন সভা অদ্য ১৬/০৬/২০১৬ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. কমিশন অধ্যাকার সভায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (এক্সচেঞ্জ ট্রেডেড ফান্ড) বিধিমালা, ২০১৬ অনুমোদন প্রদান করেছে, যাহা অতিশীঘ্রই গেজেট আকারে প্রকাশ করা হবে।
২. কমিশন, United Airways (BD) Limited এর টাকা ২২৪,০০,০০,০০০/- (দুইশত চব্বিশ কোটি) মূল্যের Coupon Bearing Secured Cumulative Fully Redeemable Bond প্রাইভেট প্রেসমেন্টের মাধ্যমে বর্তমান শেয়ারহোল্ডারদের বাইরে ইস্যু করার প্রস্তাব অনুমোদন করেছে। এই অনুমোদনের মাধ্যমে উত্তোলিত অর্থ United Airways (BD) Limited বিমান ক্রয়ের ডাউন পেমেন্ট, ঋণ পরিশোধ, সিভিল এভিয়েশনের ফি ও অন্যান্য দেনা পরিশোধ ইত্যাদি খাতে ব্যয় করবে। এই বন্ডটির বৈশিষ্ট্য হচ্ছে, non-convertible, fully redeemable coupon bearing, secured, subordinated bond। বন্ডটির ০৬ বছরের মেয়াদসহ ০১ বছরের interest lock-up period আছে। প্রতিষ্ঠানিক বিনিয়োগকারী এবং উচ্চ সম্পদশালী ব্যক্তিরাই (high net worth individuals) এই বন্ড কিনতে পারবেন। বন্ডটির প্রতি ইউনিটের অভিহিত মূল্য টাঃ ১০০,০০,০০০/- (এক কোটি) এবং সুদের হার ১২.৫০%। উল্লেখ্য, বন্ডটির arranger হলো ICB Securities Trading Co. Ltd. এবং RACE Capital Management Ltd.। Trustee হলো Investment Corporation of Bangladesh (ICB)।
৩. The One Bank Limited এর ৪০০ কোটি টাকার Non-convertible Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৭ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, non-convertible, unlisted, fully redeemable, floating rated, subordinated bond। বন্ডটি ০৭ বছরে full redemption হবে যা শুধুমাত্র স্থানীয় আর্থিক প্রতিষ্ঠান, কর্পোরেট বডি এবং উচ্চ সম্পদশালী ব্যক্তিগণের (high net worth individuals) মধ্যে প্রাইভেট প্রেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, The One Bank Limited এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে Tier II Capital Base এর শর্ত পূরণ করবে। The One Bank Limited, non-convertible Subordinate Bond এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা। উক্ত বন্ডটির Mandated Lead Arranger এবং Trustee হিসাবে যথাক্রমে Standard Chartered Bank এবং Green Delta Insurance Co. Ltd. কাজ করছে।
৪. The Trust Bank Limited এর ৪০০ কোটি টাকার Non-convertible Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৭ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, non-convertible, unlisted, fully redeemable, floating rated, subordinated bond। বন্ডটি ০৭ বছরে full redemption হবে যা শুধুমাত্র স্থানীয় আর্থিক প্রতিষ্ঠান, কর্পোরেট বডি, ইস্যুরেস কোম্পানী, ফান্ডস এবং যে কোন বিনিয়োগকারীর (any other eligible investors) মধ্যে প্রাইভেট প্রেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, The Trust Bank Limited এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে Tier II Capital Base এর শর্ত পূরণ করবে। The Trust Bank Limited, Non-convertible Subordinate Bond এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০০,০০,০০০/- (এক কোটি) টাকা। উক্ত বন্ডটির Mandated Lead Arranger এবং Trustee হিসাবে যথাক্রমে Standard Chartered Bank এবং Sena Kalyan Insurance Co. Ltd. কাজ করছে।


পাতা- ১/২



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

৫. কমিশন আজকের সভায় বে-মেয়াদী LankaBangla 1st Balanced Unit Fund এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন করেছে। ফান্ডটির লক্ষ্যমাত্রা হচ্ছে ২৫ কোটি টাকা এবং অভিজিত মূল্য ১০ টাকা। ফান্ডটির সম্পদ ব্যবস্থাপক, ট্রাস্টি এবং কাস্টডিয়ান যথাক্রমে LankaBangla Asset Management Company Limited, Bangladesh General Insurance Company Limited (BGIC) এবং BRAC Bank Limited।
৬. কমিশন আজকের সভায় '৬ষ্ঠ আইসিবি ইউনিট ফান্ড'-এর প্রসপেক্টাস কিছু সংশোধনীসহ (কনভারসন গাইডলাইন অনুসরণ করার কারণে) অনুমোদন করেছে। উল্লেখ্য যে, '৬ষ্ঠ আইসিবি মিউচুয়াল ফান্ড' মেয়াদি থেকে বে-মেয়াদি (Growth Fund)-এ রূপান্তরিত হয়েছে। ফান্ডের টার্গেট সাইজ ৩০ কোটি টাকা। রূপান্তরিত ফান্ড '৬ষ্ঠ আইসিবি ইউনিট ফান্ড'-এর সম্পদ ব্যবস্থাপক ICB Asset Management Co. Ltd., ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে Investment Corporation of Bangladesh (ICB)।


২১/০৬/২০২১

মোঃ সাইফুর রহমান

নির্বাহী পরিচালক

ও

মুখপাত্র।